



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা


www.dhakaeducationboard.gov.bd

পত্র নং: ২০৮

তারিখ: ০৪/০৭/২০১৯ খ্রি:

বৃত্তি/মেধাবৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ঢাকা বিভাগের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত বৃত্তি/মেধাবৃত্তি খাতে ২০১৮-২০১৯ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ ৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের মধ্যে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হবে। কাজেই বর্তমানে অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের প্রতিষ্ঠান প্রধানগণ বৃত্তির টাকা উত্তোলনের জন্য সরকারি হিসাবরক্ষণ অফিস কর্তৃক সরবরাহকৃত বিল ফরম (টি আর ফরম নং ৩৩) বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য, সমন্বিত বিল ফরমে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন, জেলা শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসারের প্রতिस্বাক্ষর ও বৃত্তির গেজেট বিজ্ঞপ্তিসহ ৩১ জুলাই, ২০১৯ তারিখের মধ্যে আবেদন সরাসরি বোর্ডের হিসাব আয় শাখার ৫ নং কাউন্টারে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক গত ২৬/০৫/২০১৯ তারিখের ৩৭.০২.০০০০.১১৭.৩৪.০০১.১৯-১৫৭ সংখ্যক স্মারকের তামাদী মঞ্জুরীর আদেশ অনুযায়ী তামাদীকৃত বৃত্তির অর্থ একইভাবে বিতরণ করা হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে ব্যর্থ হলে বৃত্তি প্রদান করা সম্ভব হবে না।



প্রফেসর তপন কুমার সরকার

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

ফোন: ০২-৯৬৬৯৮১৩